

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ২৭৫৪

২৬/ ফাযায়েল

পরিচ্ছেদঃ মহানবী (ﷺ) এর বিনয়

আরবী

عَنْ أَنَسٍ أَنَ رَجُلًا مِنْ أَهْلِ الْبَادِيَةِ كَانَ اسْمُهُ زَاهِرًا كَانَ يُهْدِي لِلنَّبِيِّ عَلَيْ الْهَدِيَّةَ مِنْ الْبَادِيَةِ فَيُجَهِّزُهُ رَسُوْلُ اللهِ عَلَيْ إِذَا أَرَادَ أَنْ يَخْرُجَ فَقَالَ النَّبِيُّ عَلَيْ إِنَّ زَاهِرًا بَادِيَتُنَا وَنَحْنُ حَاضِرُوهُ وَكَأَنَّ النَّبِيُ عَلَيْ يَوْمًا وَهُو يَبِيعُ حَاضِرُوهُ وَكَأَنَّ النَّبِيُ عَلَيْ يَوْمًا وَهُو يَبِيعُ مَنَاعَهُ فَاحْتَضَنَهُ مِنْ خَلُفِهِ وَهُو لَا يُبْصِرُهُ فَقَالَ الرَّجُلُ أَرْسِلْنِي مَنْ هٰذَا فَالْتَفَتَ فَعَرَفَ مَتَاعَهُ فَاحْتَضَنَهُ مِنْ خَلُفِهِ وَهُو لَا يُبْصِرُهُ فَقَالَ الرَّجُلُ أَرْسِلْنِي مَنْ هٰذَا فَالْتَفَتَ فَعَرَفَ النَّبِيِّ عَلِي اللهِ إِنَّا وَاللهِ تَجِدُنِي كَاسِدًا فَقَالَ النَّبِيُ عَلِي لَا يَأْلُو مَا أَلْصَقَ ظَهْرَهُ بِصَدْرِ النَّبِي عَلَيْ حِينَ عَرَفَهُ وَجَعَلَ النَّبِي عَلَيْ لَكِنْ يَقُولُ مَنْ يَشْتَرِي الْعَبْدَ فَقَالَ النَّبِي عَلَيْ لَكِنْ عَنْدَ اللهِ إِذًا وَاللهِ تَجِدُنِي كَاسِدًا فَقَالَ النَّبِي عَلَيْ لَكِنْ عَنْدَ اللهِ لَسْتَ بِكَاسِدٍ أَوْ قَالَ لَكِنْ عِنْدَ اللهِ أَنْتَ غَالٍ عَنْدَ اللهِ لَسْتَ بِكَاسِدٍ أَوْ قَالَ لَكِنْ عِنْدَ اللهِ أَنْتَ غَالٍ عَنْدَ اللهِ لَسْتَ بِكَاسِدٍ أَوْ قَالَ لَكِنْ عِنْدَ اللهِ أَنْتَ غَالٍ

বাংলা

(২৭৫৪) আনাস (রাঃ) কর্তৃক বর্ণিত, এক মরুবাসী সাহাবীর নাম ছিল যাহের (বিন হারাম)। তিনি মরু-অঞ্চল থেকে মহানবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর জন্য (ফলমূল, শাক-সবজি) উপটোকন নিয়ে আসতেন। আর তাঁর মরু এলাকায় যাওয়ার সময় তিনিও তাঁকে শহরের কোন কোন জিনিস প্রস্তুত করে তাঁর উপটোকনের বিনিময় প্রদান করতেন। একদা তিনি তাঁকে বললেন, "যাহের আমাদের বেদুঈন। (অথবা যাহের আমাদেরকে মরু-অঞ্চল থেকে উপহার এনে দেয়।) আর আমরা তার শহুরে সাথী। (অথবা আমরা তাকে আমাদের প্রয়োজনীয় জিনিস উপহার দিই।)"

যাহেরকে মহানবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ভালোবাসতেন। (ফলে তাঁর সাথে রসিকতা করতেন।) যাহের দেখতে ছিলেন কুশ্রী। একদা তিনি নিজের পণ্য বিক্রি করছিলেন। এমতাবস্থায় নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁর কাছে এসে তাঁর পিছন থেকে বগলের নিচে হাত পার ক'রে জরিয়ে ধরলেন। (অথবা তাঁর পিছন থেকে জড়িয়ে ধরে তাঁর চোখ দুটিতে হাত রাখলেন।) যাতে তিনি দেখতে না পান।

যাহের বললেন, 'কে? আমাকে ছেড়ে দিন।'

অতঃপর তিনি লক্ষ্য করলেন বা বুঝতে পারলেন, তিনি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম। সুতরাং নিজের



পিঠকে ভালোভাবে তাঁর (অপার স্নেহময়) বুকে লাগিয়ে দিলেন।

নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, "কে গোলাম কিনবে?"

যাহের বললেন, 'আল্লাহর কসম! আমাকে সস্তা পাবেন!'

নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম বললেন, "কিন্তু তুমি আল্লাহর কাছে মূল্যবান।"

ফুটনোট

(আহমাদ ১২৬৪৮, আবৃ য়্যালা ৩৪৫৬, শারহুস সুন্নাহ, মুখতাসার শামায়েল ২০৪, মিশকাত ৪৮৮৯, সহীহ)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন